

তথ্য বিজ্ঞপ্তি নং : ২১২/২০১৮

তারিখঃ ০২ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ  
১৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক  
একান্ত সচিব সিইও অ্যান্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক  
সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস  
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয় :- ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা ১ম পর্ব/জেএআইবিবি ও ২য় পর্ব/ডিএআইবিবি পাশের সম্মানীর অর্থ প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

গত ১২/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫২৭ তম সভায় ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে একই হারে ইনসেন্টিভ প্রদানের বিষয়ে আইবিবি এর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত নথি উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত :


“মেমোর বিষয়বস্তু পর্যালোচনা করে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুপারিশ বিবেচনায় এনে জনতা ব্যাংক লিমিটেড এর কর্মকর্তা/কর্মচারীদের ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার ১ম পর্ব/জেএআইবিবি পাসের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং ২য় পর্ব/ডিএআইবিবি পাসের ক্ষেত্রে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এককালীন নগদ সম্মানী প্রদানের অনুমোদন দেয়া হ’ল। সম্মানীর এ হার ৮৬ তম (শীতকালীন) ডিসেম্বর/২০১৭ তারিখে অনুষ্ঠিত পরীক্ষার ফলাফল প্রকাশের সময়কাল হতে কার্যকর হবে।”


দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ তাদের ওয়েবসাইটে ৮৬ তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা ডিসেম্বর-২০১৭ এর ১ম পর্ব/জেএআইবিবি ও ২য় পর্ব/ডিএআইবিবি পর্বে উত্তীর্ণ পরীক্ষার্থীদের তালিকা প্রকাশ করেছে। নির্দেশ বিজ্ঞপ্তি নং-৩২৫২ তারিখঃ ০৪/১০/২০০০ এর মাধ্যমে জারিকৃত সংশোধিত অর্পিত প্রশাসনিক ক্ষমতা-২০০০ এর ক্রমিক নম্বর ৪৭ এ ব্যাংকিং ডিপ্লোমা বা সমমানের পরীক্ষায় পাশের সম্মানী সংক্রান্ত নির্দেশনা মোতাবেক এবং পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সম্মানী প্রদানের জন্য একটি রেজিস্টার ব্যবহার করতে হবে। একই ব্যক্তি যাতে একই পরীক্ষার জন্য একাধিকবার সম্মানী গ্রহণ না করতে পারেন সেই জন্য উক্ত রেজিস্টারে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নাম, পিতার নাম, রোল নং, সদস্য নং, পরীক্ষা পাশের সন, সম্মানীর পরিমাণ, সম্মানী প্রদানের তারিখ, পত্র নম্বর ইত্যাদি লিপিবদ্ধ করে উহাতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর গ্রহণ করতে হবে। পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত ও প্রতীক্ষিত ফটোকপি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করতে হবে।

পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এই বিজ্ঞপ্তি বহাল থাকবে এবং আইবিবি এর Website থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীদের তালিকা সংগ্রহপূর্বক সঠিকতা যাচাই করে সম্মানী প্রদান করতে হবে।

আপনার বিশ্বস্ত,

  
(মোস্তফা ছাইফুল হক)  
উপ মহাব্যবস্থাপক

  
(শহীদুল ইসলাম)  
মহাব্যবস্থাপক